ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৮৩ ● কলকাতা ● ০৪ কার্তিক, ১৪৩১ ● সোমবার ● ২১ অক্টোবর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা



আলিয়াকে নিয়ে বিতর্কিত মন্তব্য, অ্যানিমেল করবেন রণবীর?

পৃঃ ৫



ভারতের বিপক্ষে টেস্ট সিরিজে আগের 'ঠিকানায়' ফিরছেন স্মিথ

পৃঃ ৬

## অনশন তুলে নবান্নে বৈঠকে যোগ দেবেন?

## জিবি মিটিংয়ে জুনিয়র চিকিৎসকরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : অনশন প্রত্যাহার করে নবান্নের বৈঠকে যোগ দিতে পারবেন জুনিয়র চিকিৎসকরা। মুখ্যসচিব মনোজ পন্থের তরফে ই-মেল মারফত একথা জানিয়ে দেওয়া হয়েছে। নবান্নে বৈঠকে বসার জন্য কি অনশন প্রত্যাহার করবেন জুনিয়র চিকিৎসকরা? পরবর্তী রূপরেখা স্থির করতে জিবি বৈঠকে জুনিয়র চিকিৎসকরা।শনিবার ধর্মতলার অনশন মঞ্চে যান মুখ্যসচিব মনোজ পন্থ এবং স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তী। মুখ্যসচিব মনোজ পন্থের মাধ্যমে ফোনে জুনিয়র চিকিৎসকদের সঙ্গে প্রায় ঘণ্টাখানেক কথা বলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ফোনে জুনিয়র চিকিৎসকদের কাছ থেকে দশ দফা দাবি শুনতে চান তিনি। তবে আট দফা দাবি শোনান জুনিয়ররা। দ্রুত ও স্বচ্ছ বিচার, স্বাস্থ্যসচিবের অপসারণ, রেফারেল ব্যবস্থা, ফাঁকা বেডের খতিয়ান, হাসপাতাল সিভিক ভলান্টিয়ার নিয়োগে আপত্তি, ছাত্র সংসদ নির্বাচনের মতো আট দফা দাবির কথা উল্লেখ করেন আন্দোলনকারীরা। বাকি দুদফা দাবি বৈঠকের টেবিলে বলবেন বলেই জানান চিকিৎসকরা। সোমবার বিকেল ৫টায় নবান্নে বৈঠকের জন্য সময় দেন মুখ্যমন্ত্রী। মাত্র ১০ জন প্রতিনিধির সঙ্গে বৈঠক করা হবে বলেই জানিয়ে দেওয়া হয়। তবে পরে মুখ্যসচিবের তরফ থেকে একটি ই-মেল পাঠানো হয়। তাতে স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে, অনশন প্রত্যাহার করলে তবেই বৈঠকের টেবিলে বসতে পারবেন জুনিয়র

এরপর ৩ পাতায়

## রাজস্থানে ভয়াবহ দুর্ঘটনায়

## ৮জন শিশুসহ ১২ জনের মৃত্যু



**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন** : রাজস্থানের ঢোলপুর জেলার সুনিপুরের কাছে গভীর রাতে ভয়াবহ দুর্ঘটনা ঘটে। বাস ও টেম্পোর সংঘর্ষে ৮ জন শিশু সহ ১২ জনের মৃত্যু হয়েছে। বারি থানার পুলিশ আধিকারিক শিবলহরি মিনা এই খবর জানিয়েছেন। মৃতরা হলেন বছর ৩৮ এর ইরফান ওরফে বান্টি, তাঁর স্ত্রী বছর ৩৪ এর জুলি, কন্যা বছর ১৪ আসমা এবং ৮ বছরের ছেলে সালমান। এছাড়াও তাঁদেরই পরিবারের পারভিন (৩২), জারিনা (৩৫), শাকির (৬), শানিফ (৯), আজান (৫), আশিয়ানা (১০), সুফি (৭) এবং বছর দশেকের দানিশ।

জানা গেছে শনিবার রাতে টেম্পোতে করে সারমাথুরা থানার বারাউলি গ্রামে এক অনুষ্ঠান থেকে বাড়ি ফিরছিলেন বারি শহরের বাসিন্দা গফুর খান। জাতীয় সড়কে দ্রুত বেগে এসে স্লিপার কোচের বাসটি তাদের টেম্পোতে ধাক্কা মারে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন,

এরপর ৩ পাতায়

## অভয়া আন্দোলন কি মমতাকে বিপাকে ফেলতে পারবে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : হাসপাতালের শিক্ষার্থী ছাত্রীর ধর্ষণ-খুনের ঘটনাকে কেন্দ্র করে জেগে ওঠা আন্দোলন কতটা ন্যায, কতটা-অন্যায্য, রাজ্যের ছয় কেন্দ্রের বিধানসভা নির্বাচনে আদৌ এর কোনও প্রভাব পড়বে কিনা, ২০২৬-এর বিধানসভা ভোট পর্যন্ত মানুষের প্রতিবাদের এই ধারা জারি থাকবে কি না, তৃণমূলের ক্ষমতায় ভিত তা নাড়িয়ে দিতে পারবে কি না, ইত্যাদি নানা প্রশ্ন বাতাসে ঘুরে বেড়াচ্ছে।আসি ২০২৬-এর প্রসঙ্গে। রাজনীতির হাওয়া কখন কোন দিকে মোড় নেবে বলা মুশকিল। যদি আজকের পশ্চিমবঙ্গের রাজনৈতিক পরিস্থিতিকে বিবেচনায় রেখে বলতে পারি, তৃণমূলের রাতের ঘুম চলে যাওয়ার পরিস্থিতি তৈরি হয়নি। তার একাধিক কারণের অন্যতম হল, বিরোধীরা গত তেরো বছরে মমতা বন্দোপাধ্যায়, এমনকী অভিষেক বন্দ্যোপাধ্যায়কে ও টেক্কা দেওয়ার মতো কোনও মুখ হাজির করতে পারেনি। জ্যোতি বসু, বুদ্ধদেব ভট্টাচার্য থেকে মমতা বন্দ্যোপাধ্যায় বিগত ৪৭ বছর ধরে বহমান এই সংস্কৃতি অর্থাৎ ব্যক্তিকে ঘিরে প্রত্যাশা নির্মাণের এই ধারায় পরিবর্তন আনার মতো কোনও মুখ বিরোধী শিবিরে এখনও নেই। আগামী দু-বছরে তৈরি হওয়া কঠিন। ২০১১-য় মমতা বন্দ্যোপাধ্যায়

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে
কলকাতার কলেজ স্ট্রিটে
চারটি বই পাওয়া যাচ্ছে।
অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে
পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর
মাতৃ শক্তি
কলেজ স্ট্রিট
কেশব চন্দ্র স্ট্রিটে,
অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও
সুন্দরবনবাসি
বর্ণপরিচয় বিল্ডিংয়ে
উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে
আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্‌-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও
ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা







আবাসিক শিক্ষক চাই
বায়োলজি
এমএসসি অনার্স
ও একজন
কম্পিউটার
টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

❖ সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫

❖ নিউ বিশ্বাস জেরক্স
মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৬০৯০৮২৪১৬

❖ আদর্শ শিশু নিকেতন
ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০

❖ সাগরিকা লাইব্রেরী
বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭

❖ আরফান আলি বিশ্বাস
দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

## মঞ্চে তখন মুখ্যসচিব, তাবড়-তাবড় পুলিশ কর্তারা, তার মধ্যেই গায়েব হয়ে গেল অনশনকারীর ফোন




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ধর্মতলার ওয়াই চ্যানেলে অবস্থান-বিক্ষোভ-অনশন চালিয়ে যাচ্ছেন আন্দোলনকারী জুনিয়র ডাক্তাররা। সাধারণ নাগরিক থেকে সকলেই সেখানে অন্তত একবার হলেও ঢুঁ মেরে আসছেন। শনিবার অনশন মঞ্চে পৌঁছন মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব,ডিসি সেন্ট্রাল। আর ভিভিআইপি-দের উপস্থিতি যখন রয়েছে, সেই সময় অভিযোগ উঠল অনশনকারীর ফোন গায়েবের।পরিচয় পাণ্ডা বলেন, "আজ যখন ভিভিআইপিরা এসেছিলেন, আমার ফোনটা কাছেই ছিল। পরে রেখেছিলাম। হঠাৎ করে ফোনটা পাচ্ছি না। কল করলে দেখা যায় যে সুইচ অফ। এরপর লোকেশন ট্রাক করে দেখা যায় যে একটি ক্যাফের সামনে রয়েছে। এটা ভাবার বিষয়। এই রকম একটা জায়গায় যখন ভেবে চিন্তে লোক ঢোকানো হচ্ছে। সেই সময় কীভাবে এই ঘটনা ঘটল? আমি চাই এরপর যেন আমার ফোন ব্যবহার করে কোনও ইপ্লিকেশন ভবিষ্যতে না হয়। এটা আমি সন্দেহের চোখেই দেখছি। এটা কে করেছে, কী অভিসন্ধীতে করেছে?" আজ যখন মুখ্যসচিব মনোজ পন্থ ফোনে মুখ্যমন্ত্রীর সঙ্গে জুনিয়র চিকিৎসকেরা কথা বলাচ্ছেন। সেই সময় অনশন মঞ্চ থেকে খোওয়া গেল অনশনকারী পরিচয় পাণ্ডার ফোন। মঞ্চে বহিরাগতদের কাউকে ঢুকতে দিচ্ছেন না জুনিয়র চিকিৎসকরা। মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব,ডিসি সেন্ট্রাল মঞ্চে থাকাকালীন পুলিশি নিরাপত্তারও কড়াকড়ি ছিল। এরই মধ্যে কী উদ্দেশ্যে ফোন গায়েব হল তা নিয়ে উদ্বিগ্ন জুনিয়র চিকিৎসকরা।

## দিল্লির সিআরপিএফ স্কুলের বাইরে হঠাৎ বিস্ফোরণ --এলাকায় চাঞ্চল্য



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন** : রবিবার সকালে দিল্লির রোহিনীর প্রশান্ত বিহার এলাকায় সিআরপিএফ স্কুলের বাইরে হঠাৎ বিস্ফোরণ হয়। রবিবার ছুটির দিনে সকাল ৭ টা ৫০ মিনিট নাগাদ স্কুলের বাইরে বিস্ফোরণ ঘটে। বিস্ফোরণের ফলে ছড়িয়ে পড়েছে যদিও বড় কোন ক্ষতির খবর পাওয়া যায়নি, হতাহতেরও কোন খবর নেই। বিস্ফোরণ হবার সঙ্গে সঙ্গে দমকল ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পুলিশ এলাকায় তল্লাশি অভিযান শুরু করেছে। বিস্ফোরণের কারণ অনুসন্ধান করার চেষ্টা করছে পুলিশ। সাধারণত সিআরপিএফ স্কুল হাই সিকিউরিটি জনের মধ্যে পড়ায় পুলিশ প্রশাসন সেখানে বেশি তৎপর।

উৎসবের মরশুমে কয়েকদিন পর দীপাবলি উৎসবে মাতবে সর্বত্র। বাজার দোকানে তাই ভিড় অত্যন্ত বেশি। আশঙ্কা করা হচ্ছে এই সুযোগে জঙ্গিরা নাশকতা ছড়াতে পারে। সেই কারণে সিআরপিএফ স্কুলের সামনে বিস্ফোরণকে হালকাভাবে নিতে চাইছে না পুলিশ প্রশাসন।

দীপাবলি উৎসবের আগে নাশকতার পরিস্থিতি যাতে তৈরি না হয় নজর রেখেছে পুলিশ। কড়া নিরাপত্তা বলয়ে ঘিরে ফেলা হয়েছে গোটা এলাকা। এখনো পর্যন্ত সন্দেহজনক কিছু না পাওয়া গেলেও কোন যান্ত্রিক সমস্যার কারণে বিস্ফোরণ হয়েছে কিনা এটাও খতিয়ে দেখা হচ্ছে। স্কুলের পেছনের দেওয়ালের দিকে বিস্ফোরণ ঘটেছে। এলাকায় পোড়া গন্ধ ছড়িয়ে পরেছে।

তবে বিস্ফোরণের তীব্রতা থাকায় স্কুলের পাশের দোকান এবং দাঁড়িয়ে থাকা গাড়ির কাঁচ ভেঙে গেছে বলে জানা গেছে। দিল্লী পুলিশের এক কর্তা জানান " খবর পাওয়া মাত্রই আমাদের দল ঘটনা স্থলে পৌঁছায়। বিস্ফোরণে স্কুলের দেওয়াল ক্ষতিগ্রস্ত হয়েছে। স্কুলের পাশের দোকান ও দাঁড়িয়ে থাকা গাড়িগুলোর কাঁচ ভেঙেছে। কেউ জখম হয়নি। বোম স্কোয়াডকে ডাকা হয়েছে। দমকলের দল রয়েছে। ঘটনাস্থল ঘিরে তদন্ত শুরু হয়েছে"।

## নারীদের নিরাপত্তা সুরক্ষার অভাবে

# জেলায় জেলায় নারী নিধনের প্রতিবাদে দোষীদের ফাঁসির দাবিতে, ডাক্তারদের ন্যায্য দাবি পেতে ধর্মতলায় অনশন মঞ্চে বাউল স্বপন



**স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন:** রাজ্যে জেলায় জেলায়, সারা দেশে ঝোলে, ঝালে, ডালে মিষ্টিতে, অম্বলে যে কোনো ঘটনাই হোক না কেন যেখানেই অশান্তি ,দাঙ্গা ,শান্তি সম্প্রতি নষ্ট হচ্ছে সেই সব দেখে শান্তি সম্প্রীতি রক্ষায়, সেখানেই বাউল স্বপন ছুটে যান সমাজ সচেতন করতে। শুধু তাই নয় যেখানেই যে কোনো রকম অন্যায়, অবিচার,অত্যাচার, পুরুষকে নিগ্রহ নারীদের নির্যাতন , ডাইনি ভূত সন্দেহে মেয়েদের অত্যাচার , নারি ধর্ষণ, গণ ধর্ষণ, বলাৎকার , নৃশংস খুন, আসিড হামলা, জীবন্ত পুড়িয়ে মারা, বধু হত্যা, বাল্য বিবাহ, নর বলি, সবজায়গাতেই নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে শুধু একজনই প্রতিবাদী মুখ পূর্ব বর্ধমানের স্বপন দত্ত বাউল। গত শনিবার ধর্মতলায় ডাক্তার দের অনশন মঞ্চে উপস্থিত হন জাতীয় সম্মানিত ও আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন শিল্পী স্বপন দত্ত বাউল। তিনি নিজে ডাক্তারদের সঙ্গে সারাদিন অনশন কর্মসূচি পালন করেন। আর জি কর হাসপাতালের তিলোত্তমা থেকে শুরু করে জেলায় জেলায় নারীদের নৃশংস খুনের ঘটনার প্রতিবাদ করেন দোষীদের বিচার কঠিন শাস্তি ফাঁসির দাবিতে বাউল গানে ধর্মতলার অনশন মঞ্চে সোচ্চার হন। নারীদের নিরাপত্তা সুরক্ষার দাবি তোলেন বলেন নারীদের নিরাপত্তা সুরক্ষার না দিলে মা বোনদের নারী জাতিকে রক্ষা করা যাবে না । বাউল গানে ও বক্তব্যে রাজ্যের সরকারের কাছে বার্তা দেন ডাক্তারবাবু দের ন্যায্য দশ দফা দাবি তাড়াতাড়ি মিটিয়ে দিয়ে ডাক্তারবাবুদের হাসপাতালে ফেরান চিকিৎসা করতে। ডাক্তার বাবুরা হাসপাতালে না গেলে বাংলার গরিব মানুষের চিকিৎসা হবে কি করে ? কোলকাতার মানুষ ধর্মতলার ডাক্তারদের অনশন মঞ্চে তাদের প্রিয় সমাজ সচেতনের স্বপন দত্ত বাউল কে পেয়ে স্বপন বাউলের সঙ্গে সকলেই প্রতিবাদে মুখর হয়ে ওঠে। স্বপন বাউল বলেন আজ কোলকাতায় ধর্মতলায় সুষ্ঠ সমাজ গঠনের লক্ষ্যে সকল তিলোত্তমা, অভোয়াদের নৃশংস খুন এই অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করে ডাক্তারবাবু দের সঙ্গে অনশন কর্মসূচি পালন করতে পেরে আমার বাউল জীবন ধন্য। আমি আশাবাদী আমরা প্রতিবাদীরা সফল হবই।

## প্রার্থী নির্বাচনে অভিষেকের ছাপ স্পষ্ট, উঠে আসছে নয়া মুখ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : বাম জমানার ৩৪ বছরের ইতিহাসে সেভাবে তরুণ প্রজন্মকে তুলেই আনা হয়নি দলের প্রথম, দ্বিতীয় বা তৃতীয় সারিতে। কার্যত নতুন মুখ, তরুণ মুখদের সেভাবে জায়গাই দেওয়া হতো না দলের প্রার্থী তালিকায়। এর খেসারতও গুণতে হচ্ছে আজ লালপার্টিকে। তৃণমূল কংগ্রেস যে কোনওদিনই সে পথে হাঁটা দেবে না সে কথা বারংবার বলে এসেছেন দলের সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়।বাঁকুড়া জেলা তালড্যাংরা থেকে তৃণমূল যাকে প্রার্থী করেছে সেই হয়েছে ফালগুনী সিংহবাবু পেশায় শিক্ষক এবং তালড্যাংরা ব্লকের তৃণমূল সভাপতি। উত্তর ২৪ পরগনা জেলার হাড়োয়া বিধানসভা কেন্দ্রে তৃণমূল প্রার্থী করেছে বসিরহাটের প্রয়াত সাংসদ হাজি নুরুল ইসলামের মেজ ছেলে শেখ রবিউল ইসলামকে। এই জেলারই নৈহাটিতে দল প্রার্থী করেছে স্থানীয় তৃণমূল টাউন সভাপতি সনৎ দ-কে। দীর্ঘ দিন তৃণমূলের সঙ্গে যুক্ত তিনি। তাই তাঁর ওপরই ভরসা রাখল বাংলার শাসকদল। প্রসঙ্গত, যে ৬টি বিধানসভা কেন্দ্রে আগামী ১৩ নভেম্বর ভোট নেওয়া হবে সেগুলির ফলাফল ঘোষিত হবে ২৩ নভেম্বর। তৃণমূল আশাবাদী ৬টি আসনই তাঁরা জিতবে। অন্যদিকে বিজেপি আশাবাদী মাদারিহাট ধরে রেখে সিতাইয়েও তাঁরা জয়ের মুখ দেখবে। তবে শেষপর্যন্ত চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন আমজনতাই। সেই সিদ্ধান্ত ঠিক কী, তার জন্য ২৩ নভেম্বর পর্যন্ত আমাদের অপেক্ষা করতেই হবে।তিনি নিজেই একাধিকবার জানিয়েছেন, দলের মধ্যে বেশ কয়েকটি প্রজন্মের মুখ তিনি তৈরি করে দিয়ে যাবেন। সেই সূত্রেই দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক হয়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। দলের সেনাপতি আবার দ্রুত দলে নতুন ও তরুণ মুখ তুলে আনার পক্ষপাতী। সেই সঙ্গে ওপর থেকে প্রার্থী চাপিয়ে দেওয়া অপেক্ষা তিনি ভরসা রাখেন দলের নীচুতলার কর্মীদের মতামতের ওপরে। রাজ্যের ৬টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের প্রার্থী তালিকা রবি দুপুরে সামনে আসতেই দেখা গেল সেখানে অভিষেকের ছাপ স্পষ্ট।দেখা যাচ্ছে উত্তরবঙ্গের কোচবিহার জেলার সিতাই বিধানসভা কেন্দ্রের জন্য তৃণমূল যাকে দলের প্রার্থী করেছে সেই সঙ্গিতা রায় তৃণমূল সাংসদ জগদীশ বর্মা বসুনিয়ার স্ত্রী। সিতাই থেকে একুশের ভোটে তৃণমূলের প্রার্থী হিসাবে জয়ী হন জগদীশ। কিন্তু তৃণমূল তাঁকেই ২৪'র লোকসভা নির্বাচনে কোচবিহার কেন্দ্র থেকে দলের প্রার্থী করে বিজেপির হেভিওয়েট প্রার্থী তথা তৎকালীন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রমাণিকের বিরুদ্ধে। সেই যুদ্ধে জগদীশ নিশীথকে হারিয়ে কোচবিহারের সাংসদ হতেই সিতাই বিধানসভা কেন্দ্রের বিধায়ক পদ থেকে ইস্তফা দেন। তাঁর ছেড়ে যাওয়া আসনেই তৃণমূল প্রার্থী করেছে তাঁর স্ত্রীকে। আলিপুরদুয়ার



জেলার মাদারিহাটে তৃণমূল যাকে প্রার্থী করেছে সেই জয়প্রকাশ টোপ্পো দলেরই ব্লক সভাপতি। দক্ষিণবঙ্গে পশ্চিম মেদিনীপুর জেলার মেদিনীপুর বিধানসভা কেন্দ্র থেকে যাকে প্রার্থী করা হয়েছে সেই সুজয় হাজরা দলের জেলা সভাপতি।

## এবার পদত্যাগ করলেন সৌমেনের বউ সুমনা মহাপাত্র

**বেবি চক্রবর্ত্তী: কলকাতা: নিউজ সারাদিন** : এবার তৃণমূলের সব পদ থেকে ইস্তফা দিলেন প্রাক্তন মন্ত্রী তথা তৃণমূল বিধায়ক সৌমেন মহাপাত্রের স্ত্রী সুমনা মহাপাত্রের। পাঁশকুড়া শহর তৃণমূল কংগ্রেসের সভানেত্রীর পদ থেকে কয়েক মাস আগেই ইস্তফার ইচ্ছাপ্রকাশ করেছিলেন সুমনা। তিনি দলের রাজ্য সভাপতি সুব্রত বক্সী ও সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কাছে পদত্যাগ পত্রও পাঠিয়েছিলেন বলে সূত্রের খবর।এরপর গতকাল তৃণমূলের জেলা সভাপতিকে টেলিফোন মারফত পদত্যাগের কথা

এরপর ৩ পাতায়






## বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস উপলক্ষে আগামীকাল বারাণসী সফর করবেন প্রধানমন্ত্রী

**নতুন দিল্লি, ১৯ অক্টোবর ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আগামীকাল অর্থাৎ ২০ অক্টোবর বারাণসী সফর করবেন। দুপুর দুটো নাগাদ তিনি সেখানে আর জে শঙ্কর আই হসপিটালের উদ্বোধনের পর বিকেল ৪টে ১৫ মিনিটে বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন। বারাণসীর যে চক্ষু হাসপাতালটির তিনি উদ্বোধন করবেন সেখানে চোখের নানা রকম সমস্যার চিকিৎসার ব্যবস্থা রয়েছে। এছাড়াও চক্ষু বিশেষজ্ঞরা সেখানে রোগীদের প্রয়োজনীয় পরামর্শও দান করবেন। হাসপাতালের উদ্বোধনের পর সেখানে কিছু বক্তব্যও রাখবেন প্রধানমন্ত্রী। দেশের বিভিন্ন প্রান্তে সংযোগ ও যোগাযোগের প্রসারে প্রতিশ্রুতিবদ্ধ প্রধানমন্ত্রী। তারই একটি অঙ্গ হিসেবে তিনি বারাণসীতে বিমানবন্দরের রানওয়ের সম্প্রসারণের পাশাপাশি একটি নতুন টার্মিনাল ভবনের শিলান্যাসও করবেন। এছাড়াও লাল বাহাদুর শাস্ত্রী আন্তর্জাতিক বিমান বন্দরের আরও কিছু কাজকর্মের আগামীকাল শিলান্যাস হওয়ার কথা। বিমান বন্দরের এই প্রকল্পগুলি সম্পূর্ণ করতে ২,৮৭০ কোটি টাকার মতো ব্যয় হবে বলে অনুমান করা হচ্ছে। আগ্রা বিমান বন্দরের নতুন সিভিল এনক্লেভের

এরপর ৪ পাতায়

২ পাতার পর

## এবার পদত্যাগ করলেন সৌমেনের বউ সুমনা মহাপাত্র



জানিয়ে দেন তিনি। এক সময় পূর্ব মেদিনীপুর জেলায় দাপুটে তৃণমূল নেতা ছিলেন সুমনা মহাপাত্রের স্বামী সৌমেন মহাপাত্র।রাজ্যের একাধিক মন্ত্রীর পদ সামলেছেন সৌমেন মহাপাত্র। শুভেন্দু অধিকারী তৃণমূল ছাড়ার পর তৃণমূলের জেলা সভাপতিও হয়েছিলেন সৌমেনবাবু। কিন্তু পরবর্তী সময়ে সৌমেন মহাপাত্রকে মন্ত্রিত্ব এবং জেলা সভাপতির পদ থেকেও সরিয়ে দেয় তৃণমূল। সেই সময়েই কানাঘুষো শোনা যাচ্ছিল সৌমেন মহাপাত্র হয়তো লোকসভা নির্বাচনে তমলুক লোকসভা থেকে তৃণমূলের হয়ে দাঁড়াচ্ছেন তাই মন্ত্রিত্ব থেকে সরানো হয়েছে। কিন্তু পরে ওই লোকসভা কেন্দ্র থেকে প্রার্থী করা হয় দেবাংশু ভট্টাচার্যকে। জেলায় সৌমেন মহাপাত্রের পর এবার তাঁর স্ত্রীর সব পদ থেকে ইস্তফাকে কেন্দ্র করে জল্পনা শুরু হয়েছে।রাজনৈতিক মহলের দাবি দল থেকেও এখন বেশ কোণঠাসা প্রাক্তন মন্ত্রী সৌমেন মহাপাত্র। পাঁশকুড়ায় একাধিকবার সুমনা মহাপাত্রের বিরুদ্ধে দলীয় গোষ্ঠী কোন্দলও সামনে এসেছে। ওই পুরসভার একাধিক কাউন্সিলের সঙ্গে সুমনা মহাপাত্র দ্বন্দ্ব রয়েছে। কয়েকদিন আগে আরজি কর কাণ্ড নিয়ে সোশ্যাল মিডিয়ায় সুমনা ও সৌমেন মহাপাত্রের পুত্র বোধিসত্ত্বর নাম জড়িয়ে দেওয়ার বিষয়ে দলের একাংশকেই দায়ী করেছিলেন সৌমেন-সুমনা।

১-ম পাতার পর

## অনশন তুলে নবান্নে বৈঠকে যোগ দেবেন? জিবি মিটিংয়ে জুনিয়র চিকিৎসকরা

ডাক্তাররা। বৈঠক সংক্রান্ত সিদ্ধান্ত নিতে জিবি মিটিংয়ে বসেন আন্দোলনকারীরা। রবিবার দুপুর ১টা নাগাদ এনআরএস মেডিক্যাল কলেজ ও হাসপাতালে বৈঠক বসেছেন তাঁরা। শারীরিক দুর্বলতা থাকলেও বৈঠকে যোগ দিয়েছেন অনিকেত মাহাতো। গত ৯ আগস্ট, আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের সেমিনার হল থেকে তরুণী চিকিৎসকের দেহ উদ্ধার হয়। অভিযোগ, ধর্ষণ ও খুন করা হয়েছে তাঁকে। এই ঘটনায় সুবিচার-সহ ১০ দফা দাবিতে আন্দোলনে শামিল জুনিয়র ডাক্তাররা। এসএসকেএমের অর্ণব মুখোপাধ্যায়, কেপিসি মেডিক্যালের সায়ন্তনী ঘোষ হাজরা, কলকাতা মেডিক্যালের স্নিগ্ধা হাজরা এবং আলোলিকা ঘোড়ুই, শিশুমঙ্গলের পরিচয় পাণ্ডা, অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ হাইজিন অ্যান্ড পাবলিক হেলথের রুমেলিকা কুমার, মেদিনীপুর মেডিক্যালের স্পন্দন চৌধুরী এবং উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের সন্দীপ মণ্ডল বর্তমানে অনশন চালিয়ে যাচ্ছেন।একটানা ১৬ দিন ধরে অনশন করছেন জুনিয়র ডাক্তাররা। অনশনের ফলে অসুস্থ হয়ে পড়েন কলকাতা মেডিক্যালের তনয়া পাঁজা এবং অনুষ্টুপ মুখোপাধ্যায়, এনআরএসের পুলস্ত্য আচার্য, উত্তরবঙ্গের সৌভিক বন্দ্যোপাধ্যায় এবং অলোক বর্মা। তাঁদের মধ্যে অনিকেত, অনুষ্টুপ ও পুলস্ত্য হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন। যাঁরা এখনও অনশন চালিয়ে যাচ্ছেন, তাঁদের শারীরিক অবস্থার ক্রমশ অবনতি হচ্ছে। তাঁদের নিয়ে উদ্বিগ্ন রাজ্য স্বাস্থ্যদপ্তর।

১-ম পাতার পর

## রাজস্থানে ভয়াবহ দুর্ঘটনায় ৮জন শিশুসহ ১২ জনের মৃত্যু

বাসের গতিবেগ এতটাই বেশি ছিল যে নিয়ন্ত্রণ করা সম্ভব হয়নি। এই ঘটনার পর বারি থানার পুলিশ কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে টেম্পো থেকে মৃতদেহ উদ্ধারে কাজ শুরু করেন। গাড়ির কাঁচ ভেঙে রক্তাক্ত মৃতদেহ ঝুলতে দেখা যায়। দেহ গুলি উদ্ধার করে বারি সরকারি হাসপাতালে ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে। গুরুতর আহত অবস্থায় বাঁশের চালক ও খালাসিকে জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। এই ঘটনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মৃতদের পরিবারকে সমবেদনা জানিয়ে ২ লক্ষ টাকা এবং আহতদের পঞ্চাশ হাজার টাকা করে ক্ষতিপূরণ ঘোষণা করেছেন।




## কোনও দায়িত্ব দেয়নি দল, বিজেপি ছাড়ার ঘোষণা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দেড় বছরেই মোহভঙ্গ! বিজেপি ছাড়ছেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী আরসিপি সিং। বিহারের প্রভাবশালী এই নেতা একটা সময় নীতীশ কুমারের ডানহাত ছিলেন। পরে যোগ দেন বিজেপিতে। কিন্তু সেখানেও মোহভঙ্গ হয়েছে তাঁর। বিহারের বিধানসভা ভোটের আগে নতুন দল গড়তে চান আরসিপি। বিহারের রাজ্য রাজনীতির প্রভাবশালী এই নেতা জানিয়েছেন, আগামী দিনে তিনি নিজের রাজনৈতিক দল গঠন করবেন। বিহারের আসন্ন বিধানসভা নির্বাচনে কি আরসিপি সিংয়ের সেই দল লড়বে? সেটা অবশ্য এখনও স্পষ্ট করেননি তিনি। আরসিপির বক্তব্য, পরিস্থিতি বুঝে সিদ্ধান্ত নেওয়া যাবে। বিহারের ভোটের মুখে প্রভাবশালী নেতার দলত্যাগ কিছুটা হলেও চাপে রাখবে গেরুয়া শিবিরকে।আরসিপি সিং একসময় নীতীশ কুমারের পর জনতা দল ইউনাইটেডের সবচেয়ে প্রভাবশালী নেতাদের মধ্যে অন্যতম ছিলেন। নীতীশ কুমারের দল থেকে দ্বিতীয় মোদি মন্ত্রিসভায় মন্ত্রীও হন। কিন্তু নীতীশ যখন এনডিএর সঙ্গ ছেড়ে বিরোধী মহাজোটে যোগ দিলেন, তখনই তাঁর সঙ্গে বিবাদ শুরু হয় আরসিপির।

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

# অভয়া আন্দোলন কি মমতাকে বিপাকে ফেলতে পারবে?

যে যে কারণে সফল হয়েছিলেন তার সবগুলিই এখন অনুপস্থিত। পরিবর্তনের সেই ভোটে সিপিএম সরকারকে হটাতে মমতা বন্দ্যোপাধ্যায়ের পাশে প্রত্যক্ষভাবে কংগ্রেস, এসইউসি, পরোক্ষে বিজেপি, একাধিক অতি বামশক্তি, নাগরিক সমাজ, এমনকী তলে তলে বামফ্রন্টের কিছু শরিক দলও।আমার উপলব্দি, রাজনীতির অবিরাম চর্চাই আম বাঙালির কাছে সবচেয়ে সস্তার বিনোদন। মোবাইল আসার পর এখন আর এ জন্য খবরের কাগজ কেনারও দরকার পড়ছে না। ফলে এই বিনোদন এখন আরও সস্তা। আমি বহুবার শ্মশানে অপেক্ষমান শ্মশানযাত্রীদের দেখেছি, মৃত মানুষটিকে নিয়ে আলোচনা ছাপিয়ে তারা মজে আছেন পাড়া-পলিটিক্সে। দেহটি চুল্লিতে তোলার পর সেই আলোচনা এতটাই উচ্চগ্রামে ওঠে যে ঝগড়াঝাটি, হাতাহাতিও বাদ থাকেনি কখনওসখনও।যদিও রাজনৈতিক দলগুলির কর্মকাণ্ডের মান দেখে বোঝার উপায় নেই মাছ-ভাতের পরই আম বাঙালির সবচেয়ে প্রিয় হল রাজনীতি। যেমন অভয়া আন্দোলনের কথাই ধরা যাক। এই আন্দোলন যে তৃণমূল সরকারের নানা অপকর্মের বিরুদ্ধে গণ-প্রতিবাদের বহিঃপ্রকাশ তা নিয়ে শাসক শিবিরেও কোনও সংশয় নেই। কিন্তু এই সরকারের বিগত তেরো বছরের শাসনে বিরোধীদের লড়াই-সংগ্রাম থেকে স্পষ্ট তারাও গণক্ষোভ অনুমানে ব্যর্থ হয়েছেন। তাদের আন্দোলন তাই সীমাবদ্ধ থেকেছে দলীয় ঝাণ্ডার নিচেই। ক্ষুব্ধ গণ মানুষকে তারা তাদের লড়াই-আন্দোলনে শামিল করতে পারেননি। তাই বলে শাসক দল তৃণমূল এই সমস্যা থেকে মুক্ত, বলার অবকাশ নেই। তারাও রাজনীতিকে দলীয় গণ্ডির মধ্যে কুক্ষিগত করে রাখায় এ রাজ্যে ভোটের বাক্সে বিজেপির অগ্রগতি অব্যাহত। বামের ভোট রামে যাওয়াটা মুদ্রার একটি দিক। উল্টো দিকটি হল তৃণমূলের জমানাতেই বাংলায় রাজনীতিতে সাম্প্রদায়িক মেরুকরণ মাত্রা ছাড়িয়েছে।মূল প্রশ্নে ফিরে যাই; কেন রাজনৈতিক দলগুলি মানুষের ক্ষোভ-অসন্তোষ আঁচ করতে পারনি। অভয়া আন্দোলন ছিনিয়ে নিতে বিজেপি সমান্তরালে নবান্ন অভিযানের ডাক দিয়েও মাঝপথে থেমে গিয়েছে। কারণ, এক. এখানে ধর্ম গেলানোর সুযোগ ছিল না। দুই. সামাজিক আন্দোলনের অ-আ-ক-খ দলটির জানা নেই। বিজেপির আন্দোলন মানে ধর্মের নামে মানুষ খেপানো।

কিন্তু বামপন্থীরা? বিজেপির মতো সামাজিক আন্দোলন নিয়ে বোধশূন্য না হলেও তারাও মূলত নানা পেশার মানুষের আর্থির দাবিদাওয়ার আন্দোলন করেছেন। বাংলার কৃষক-শ্রমিক-ছাত্র-যুব-সরকারি কর্মচারীর আন্দোলনের ঐতিহাসিক সাফল্য আছে সিপিএম-সহ বামদলগুলির। এখনও এ রাজ্যে বামদলগুলির যৌথ আন্দোলনের যে মঞ্চটি তুলনায় সক্রিয় সেটি কৃষকদের দাবিদাওয়ার লড়াই চালাচ্ছে। এমনকী নারীদের ইস্যুতেও বামেদের আন্দোলন বাকি ক্ষেত্রগুলির তুলনায় কম। ইলা মিত্র, কনক মুখোপাধ্যায়, গীতা মুখোপাধ্যায়দের মতো কিছু নেত্রী সামনের সারিতে থাকলেও বাম দলগুলিতে নারীরা সেভাবে গুরুত্ব পায়নি। কয়েক বছর আগেও সিপিএমের মতো পার্টিতে মহিলাদের দেখা যেত দলের সভা-অনুষ্ঠানে লালপাড় শাড়ি পরে নেতাদের ফুল-মালা গিয়ে স্বাগত জানাতে। সেখানে অভয়া আন্দোলনে নারীরা পুরুষের তুলনায় সংখ্যায় ভারী। দ্রোহ কার্নিভালের ভিড়ে দেখলাম বহু মহিলা মোবাইলে স্লোগান লিখে এনেছেন। সেই স্লোগান মূহূর্তে গণ-স্লোগানে পরিণত হয়েছে। হাই কোর্ট দ্রোহ কার্নিভালের অনুমতি দিতেই বহু মহিলা ঢাক-ঢোল বাজিয়ে বিজয় উদযাপন করলেন। এমন দৃশ্য বছরে একবার, বিজয়া দশমীর দিনেই কোথাও কোথাও চোখে পড়ে। কোনও আন্দোলনে মহিলাদের এমন স্বতঃস্ফূর্ত ভূমিকায় দেখিনি।এটা শুধুই এই কারণে নয় যে আন্দোলনের প্রধান ইস্যু পড়ুয়া চিকিৎসককে খুন-ধর্ষণের বিচার। আসলে সময়ের বদলটা রাজনৈতিক দলগুলি ধরতে পারেনি নাকি পুরুষ নেতৃত্ব সেই পরিবর্তনকে গুরুত্ব দেয়নি তা নিয়ে বিতর্ক চলতে পারে। আমার মতে, দ্বিতীয়টিই প্রধান কারণ। এখন সিপিএম মীনাক্ষী মুখোপাধ্যায়, দীপ্সিতা ধরদের বাড়তি গুরুত্ব দিলেও তারা জন-আন্দোলনের নেতৃত্ব দিতে পারবেন কি না তা নিয়ে সংশয় আছে। তাঁদের যোগ্যতা নিয়ে প্রশ্ন নেই। আসলে তারা যে দলীয় রাজনীতির পরিমণ্ডলে বেড়ে উঠেছেন যেখানে দলের সিদ্ধান্তই শেষ কথা। গণতান্ত্রিক কেন্দ্রিকতার নামে বহু ক্ষেত্রেই এক-দু'জনের সিদ্ধান্তকে পার্টির অবস্থান বলে মেনে নিতে হয়। জন-আন্দোলন এই কমান্ড বা অনুশাসনের সংস্কৃতির সম্পূর্ণ বিপরীত।তারপরও বলব, ডাক্তার এবং নাগরিক আন্দোলনকে যে চেহারায় দেখা যাচ্ছে, তার পিছনে বাম রাজনৈতিক সংস্কৃতির ভূমিকা অনস্বীকার্য। অনশন এবং দ্রোহ ঘিরে ভিড়ে বামমনস্ক মানুষের উপস্থিতি ছাড়া সম্ভব ছিল না, যাদের অনেকেই বিগত নির্বাচনগুলিতে তৃণমূলকে ভোট দিয়েছেন। তৃণমূল তাই বামেদের পিছনে আবার হাত ধুয়ে লেগে পড়েছে।

ডাক্তারদের পিছনে সিপিএম আছে বলে তৃণমূলের অভিযোগকে তর্কের খাতিরে সত্য ধরে নিয়েও বলতে হয়, বামদলগুলির পক্ষে খুব বেশি এগনো মুশকিল। কারণ, সিপিএমের নেতারা যেমন রাতারাতি নির্দেশ দেওয়া, এটা করা যাবে, ওটা করা যাবে না জাতীয় ফতোয়া জারির মানসিকতা ত্যাগ করতে পারবেন না, তেমনই এই প্রজন্মের ছেলেমেয়েরা, দলীয় রাজনীতির সঙ্গে যাদের যোগ এবং দায়বদ্ধতা নেই তাঁরা নেতাদের কথায় ওটাবসা করবেন না। বরং সমান্তরাল আন্দোলন চালিয়ে যাওয়াই বামপন্থীদের জন্য সঠিক পদক্ষেপ হতে পারে।

এবার আসা যাক, ভোটের বাক্সে প্রতিফলনের প্রশ্নে। আগামী মাসে ছয় বিধানসভা আসনের উপ নির্বাচনের ফলাফলে অভয়া আন্দোলন কোনও প্রভাব ফেলবে কিনা, সঙ্গত কারণেই এই প্রশ্ন উঠেছে। আমার ব্যক্তিগত উপলব্ধি বলে, তেমন প্রভাব পড়ার সম্ভাবনা কম। সেই সঙ্গে বলা দরকার, ভোটের ফলাফল দিয়ে একটা জন-আন্দোলনের ভালমন্দ, সাফল্য-ব্যর্থতা মাপতে যাওয়াটাই ভুল। বহু সাড়া ফেলে দেওয়া আন্দোলনেরই ভোটের বাক্সে প্রভাব পড়েনি। দু বছর আগে উত্তরপ্রদেশ বিধানসভা নির্বাচনের সময় কৃষক আন্দোলন তুঙ্গে থাকা সত্ত্বেও যোগী আদিত্যনাথ বিগত ৩৫ বছরের মধ্যে প্রথম মুখ্যমন্ত্রী যিনি ক্ষমতা ধরে রাখতে পেরেছেন। লোকসভা ভোটেও তেমন দাগ কাটতে পারেনি ওই নির্বাচন। কৃষক আন্দোলনের পরও হরিয়ানার বিধানসভা ভোটে বিজেপি জিতল। রাহুল গান্ধী বারে বারে কৃষকদের পাশে গিয়ে দাঁড়ালেও পাঞ্জাবে কংগ্রেস ক্ষমতা ধরে রাখতে পারেনি। তারমানে কি কৃষক আন্দোলন ভুল এবং ব্যর্থ? ওই আন্দোলনের ধাক্কায় তিন বিতর্কিত কৃষি আইন নরেন্দ্র মোদীকে প্রত্যাহার করে নিতে হয়েছিল।বাংলায় তৃণমূলের ভোট-গাছের শিকড় এখন বেশ গভীরে। তার মূখ্যত কারণ, গরিব মানুষের কল্যাণে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের গৃহীত প্রকল্পগুলি। চুরি-দুর্নীতি সত্ত্বেও মানুষ মোটের উপর সেগুলির সুবিধা আগের সরকারের তুলনায় বেশি পাচ্ছে। আবার অভয়া আন্দোলনকে ঘিরে চর্চায় আশা থ্রেট কালচার সেই গরিব মানুষের কাছেই সবচেয়ে বড় বিপদ। যদিও থ্রেট কালচার থেকে মুক্ত নয় সমাজের কোনও অংশই। পড়ুয়া চিকিৎসকের মর্মান্তিক মৃত্যুর ঘটনায় সমাজের নানা পেশার মানুষ স্ব স্ব ক্ষেত্রে দুর্নীতি, অনিয়ম, থ্রেট কালচার নিয়ে মুখ খুলেছেন। আমার মনে হয়, এই আন্দোলনের সর্বজনীন ইস্যুটি হল থ্রেট কালচার, বুকে হাত দিয়ে কারও বলার সাহস হবে না যে তিনি এই বিপদ থেকে মুক্ত।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৮৩ সংখ্যা ২১ অক্টোবর, ২০২৪ সোমবার ০৪ কার্তিক, ১৪৩১

## বাড়ি থেকে ডেকে এনে রাস্তা থেকেই তরুণীকে অপহরণ, গাড়ির পিছনে ছুটল জনতা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রকাশ্য রাস্তা থেকেই তরুণীকে অপহরণ। গাড়ি করে পালাতে গিয়েও শেষ রক্ষা হল না। শেষ পুলিশি অ্যাকশনে তরুণীকে ফেলে রেখে এলাকা ছেড়ে চম্পট অপহরণকারীদের। চাঞ্চল্যকর ঘটনা উত্তর ২৪ পরগণার বনগাঁ থানার চাঁদা পানচিতা এলাকায়। অভিযোগ, এলাকার এক বাচ্চাকে দিয়ে ওই তরুণীকে ডেকে পাঠায় কয়েকজন যুবক। আন্দোলনকারীদের সাফ দাবি ছিল, যতক্ষণ না অবরোধকারীদের ধরা হচ্ছে, মেয়েকে উদ্ধার করা হচ্ছে ততক্ষণ তাঁরা অবরোধ থেকে সরছেন না। ব্যাপক ট্র্যাফিক জ্যামও দেখা যায় এলাকায়। খবর পেয়ে এলাকায় আসে পুলিশ। কিন্তু, পুলিশের সঙ্গে অবরোধকারীদের দীর্ঘক্ষণ উত্তপ্ত বাক্য বিনিময়ও হয়। ততক্ষণে পুলিশের অন্য টিম তরুণীর মোবাইলের লোকেশন ট্র্যাক করতে শুরু করে দিয়েছে। জানাও যায় শেষ পর্যন্ত। একই এলাকায় হলেও তরুণীর বাড়ি থেকে বেশ কিছুটা দূর থেকে শেষ পর্যন্ত তাঁকে উদ্ধার করে পুলিশ। সেই খবর পেয়েই শান্তি হয় উত্তেজিত জনতা। তবে অপহরণকারীদের ধরা যায়নি।তাঁর ডাকে বাড়ির বাইরে বের হতেই গাড়িতে তুলে নেয় যুবকের দল। সোজা গাড়ি নিয়ে এলাকা ছেড়ে বেরিয়ে যায়।

এদিকে ঘটনার খবর চাউর হতেই শোরগোল পড়ে যায় এলাকায়। কিছু লোকজন গাড়ির পিছনে ছুটলেও শেষ পর্যন্ত যুবকদের আর ধরতে পারেননি। যুবকদের পরিচয়ও জানা যায়নি। কিছু সময়ের মধ্যেই খবর যয়া পুলিশে। এদিকে ততক্ষণে ঘটনার প্রতিবাদে শনিবার রাতেই বনগাঁ বাগদা রোডের চাঁদা বাজার এলাকায় পথ অবরোধ শুরু করে দেন এলাকার লোকজন। বিক্ষোভে সামিল হন তরুণীর পরিবারের লোকজন, আত্মীয়-স্বজনরাও।

## সম্পাদকীয়

### বিমানবন্দর থেকে ধৃত বাংলাদেশি 'বাবু'

বৌদ্ধ সন্ন্যাসী সেজে ভারতের বিভিন্ন জায়গায় কাটিয়েছেন। অবশেষে বিহারের গয়া বিমানবন্দর থেকে গ্রেফতার হলেন বাংলাদেশের এক বাসিন্দা। পুলিশ জানিয়েছে, ধৃতের নাম বাবু জো বড়ুয়া। আদতে বাংলাদেশের বাসিন্দা ওই প্রৌঢ় ছদ্মবেশে দীর্ঘ সময় বিহারের গয়ায় একটি মঠে বাস করতেন।বাংলাদেশি প্রৌঢ়ের গ্রেফতারি নিয়ে গয়ার পুলিশ সুপারিনটেন্ডেন্ট আশিস ভারতী বলেন, "ভিসা, পাসপোর্ট ছাড়া এক বাংলাদেশি ব্যক্তি আট বছর বিহারে বাস করছিলেন। সম্প্রতি তিনি গয়া আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বিদেশে পালিয়ে যাওয়ার চেষ্টা করেছিলেন। অভিযুক্তের যত পরিচয়পত্র পাওয়া গিয়েছে, তার সবই নকল এবং ভুয়ো। গয়া বিমানবন্দর থেকে তাঁকে গ্রেফতার করেছে পুলিশ।" পুলিশ জানিয়েছে, ধৃতের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার ৩১৮ (৪), ৩৩৬ (৩) এবং ৩৪০(২) ধারায় মামলা রুজু হয়েছে। এ ছাড়াও ভারতীয় পাসপোর্ট আইনেও মামলা করা হয়। তদন্তের প্রয়োজনে ধৃতকে বিশদে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।গ্রেফতার হতে পারেন, বিভিন্ন সূত্রে ওই খবর পেয়ে তড়িঘড়ি ভারত ছাড়তে চেয়েছিলেন বাংলাদেশি প্রৌঢ় বাবু।শুক্রবার তাইল্যান্ড যাওয়ার জন্য গয়া বিমানবন্দরে যান। সেখানেই নিরাপত্তারক্ষী অভিযুক্তকে আটকে দেন। অভিযোগ, বাবুর কাছে আসল পাসপোর্ট বা ভিসা ছিল না। তাঁর কাছে অন্যান্য যে পরিচয়পত্র পাওয়া গিয়েছে, সেগুলো সবই নকল। বিমানবন্দর কর্তৃপক্ষ গয়ার মগধ মেডিক্যাল থানার পুলিশের হাতে তুলে দেন অভিযুক্তকে।

তদন্তে নেমে পুলিশ জানতে পেরেছে, ধৃত ব্যক্তি নকল ভারতীয় পাসপোর্ট নিয়ে আন্তর্জাতিক উড়ানে উঠতে গিয়েছিলেন। তবে বিমানবন্দরে যখন যাত্রীদের কাগজপত্র পরীক্ষা করা হচ্ছিল, তখন অভিযুক্তের শরীরী ভাষা সন্দেহজনক বলে মনে হয় সংশ্লিষ্ট বিমানবন্দরের নিরাপত্তারক্ষীদের। তাঁরা জিজ্ঞাসাবাদ শুরু করেন ওই ব্যক্তিকে। তাতেই মেলে চাঞ্চল্যকর তথ্য। পুলিশের দাবি, ধৃত স্বীকার করেছেন যে তিনি ছদ্মবেশে ভারতে রয়েছেন। বৌদ্ধ সন্ন্যাসী সেজে আট বছর ভারতে রয়েছেন। আদতে তিনি বাংলাদেশের নাগরিক। অভিযুক্তের কাছ থেকে মিলেছে বিভিন্ন নামে ভারতীয় পাসপোর্ট। পাওয়া গিয়েছে, বিভিন্ন পরিচয়ের আধার এবং প্যান কার্ড। তা ছাড়া বিভিন্ন বিদেশি মুদ্রা এবং ৩৮০০ টাকা নগদ ছিল অভিযুক্তের কাছে। সেগুলো বাজেয়াপ্ত করা হয়। নাম ভাঁড়িয়ে বিমানযাত্রা চেষ্টার অভিযোগে বিমানবন্দর কর্তৃপক্ষ তাঁকে আটকে দেন।

২ পাতার পর

## কোনও দায়িত্ব দেয়নি দল, বিজেপি ছাড়ার ঘোষণা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীর

পরে সেই বিবাদের জেরেই জনতা দল ইউনাইটেড ছেড়ে তিনি যোগ দেন বিজেপিতে। সেটা বছর দেড়েক আগের কথা। কিন্তু এই দেড় বছরে বিজেপি সেভাবে কাজে লাগায়নি তাঁকে। দলে বড় কোনও পদও দেওয়া হয়নি।

এক সর্বভারতীয় সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে আরসিপি সিং স্পষ্টতই বলেছেন, দলে গুরুত্ব না পেয়ে তিনি হতাশ। প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীর কথায়, "আমি সারাজীবন সংগঠন সামলে এসেছি। বিজেপিকেও অনুরোধ করেছিলাম যাতে আমাকে ব্যবহার করা হয়। কিন্তু সেটা হয়নি। গত ১৮ মাস আমাকে কোনও সাংগঠনিক দায়িত্ব দেওয়া হয়নি। তাই আমি আর বিজেপির সদস্যপদ পুনর্নবীকরণ করিনি। বিজেপির একটা কার্যপদ্ধতি আছে। আমি সেটাকে সম্মান করি।"

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এবং অনেক পিতা-মাতাই পছন্দ করেন তাদের কন্যার নামটি দেবী লক্ষ্মীর নামানুসারে রাখতে, সুতরাং,সেই কারণেই আমরা এখানে তুলে ধরেছি দেবী লক্ষ্মীর নামের কিছু তালিকা আপনার ছোট্ট সোনামণিটির জন্য।সেই তালিকা এই লেখার মধ্যে চেষ্টা করবো বলার যতটা সম্ভব।আজ আমরা লক্ষ্মী কে নিয়ে বিশ্বের ইতিহাসে অনেক রীতি-রেওয়াজ প্রচলিত আছে। তবে বাংলা সংস্কৃতি বাঙ্গালীদের জন্য ভারতবর্ষের সংস্কৃতি ইতিহাস সেটি অনেকেরই জানা। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## অসীম শক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(অষ্টম পর্ব)



মল্লারপুরের জমিদার। মায়ের মন্দিরের সামনে দাঁড়িয়ে মানত করেছিলেন,'মাগো আমার মনোবাঞ্ছা পূর্ণ হলে তোমার নতুন মন্দির গড়ে দেব মা।' তারামা তাঁর মনোবাঞ্ছা পূর্ণ করেছিলেন। তারপরই জগন্নাথ রায় তারামায়ের মন্দির সংস্কার করে দেন। সেটা ১৮১৮ খ্রিস্টাব্দের ১৫ এপ্রিল। মন্দির নির্মাণের পাশাপাশি নতুন করে তৈরি করলেন চন্দ্রচূড় শিবের মন্দির, মায়ের বিরামখানা, ভোগঘর, ভাণ্ডারঘর প্রভৃতি।মায়ের অবতার ও মায়ের মহিমা আজ থেকে প্রায় আটশো বছর আগেকার ইতিহাস জ্বলন্ত উদাহরণ আমাদের কাছে।মা তারা যে সেখানে ছিল ,আজও আছে ,সারা বিশ্বে তার মহিমা ছড়িয়ে গেছে। আজ বিশ্বব্যাপী কাছে তারাপীঠ একটি পীঠস্থান হিসাবে আমরা দেখি ,সবই মায়ের মহিমা।তারাপীঠের বর্তমান মন্দির মল্লারপুরের জমিদার স্থাপন করলেনও গল্পের শুরু জয়দত্ত সদাগরের কথা হতে। আজও মুখে মুখে চলে আসছে তাঁর কাহিনী। আজ থেকে প্রায় আটশো বছর আগের ঘটনা। তিনি ছিলেন বীরভূমের রত্নাগড় নিবাসী। একবার তিনি বাণিজ্যে প্রভূত সম্পদ, অর্থ লাভ করে বাড়ি ফিরছিলেন। চলার পথে অসুস্থতায় মৃত্যু হল তাঁর প্রাণাধিক পুত্রের। বাড়ি ফিরেই ছেলের অন্ত্যেষ্টি করবেন স্থির করে তিনি মাঝিদের বললেন, পুত্রের দেহটাকে ভালো করে ঘি মাখিয়ে রাখতে। তাতে পচন ধরবে না। এদিকে সন্ধ্যা নেমেছে। রাত্রিটা তাই পথেই বিশ্রাম নিতে হবে। চলতে চলতে থামলেন এক বিশাল জঙ্গলের পাশে। স্থানটির নাম চণ্ডীপুর।

রাতে ঘুম নেই জয়দত্তের। মৃত ছেলের দেহ আঁকড়ে রাত জাগছেন তিনি। সেই সময় তারামা এক কুমারী মেয়ের রূপ ধরে নৌকার কাছে এসে দাঁড়ালেন। তাঁর কালো রূপে যেন আলো ছিটকে পড়ছে। রাত্তির আকাশজুড়ে অপূর্ব এক জ্যোতি। অপূর্ব সুন্দরী সেই মেয়েটি জয়দত্তকে জিজ্ঞাসা করলেন, 'ও বাছা, এত নৌকা ভরে কী নিয়ে চলেছো গো?' পুত্রশোকে জয়দত্তের মন ভারাক্রান্ত ছিল। তাই তিনি রাগত স্বরে মেয়েটিকে বললেন, 'ছাই আছে'। সে কথা শুনে মেয়েটি

**ক্রমশঃ**

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

৩ পাতার পর

## বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস উপলক্ষে আগামীকাল বারাণসী সফর করবেন প্রধানমন্ত্রী

শিলান্যাসও করবেন প্রধানমন্ত্রী। এই প্রকল্পে ব্যয়ের মাত্রা ধরা হয়েছে ৫৭০ কোটি টাকা। অন্যদিকে, দ্বারভাঙ্গা বিমানবন্দর এবং বাগডোগরা বিমানবন্দরের উন্নয়ন প্রকল্পের শিলান্যাস খাতে বিনিয়োগের পরিমাণ হবে যথাক্রমে ৯১০ কোটি ও ১৫৫০ কোটি টাকা। প্রধানমন্ত্রী ঐ দিন রেওয়া বিমানবন্দর, মা মহামায়া বিমানবন্দর এবং সরস্বয়া বিমানবন্দরের নতুন টার্মিলান ভবনগুলির উদ্বোধন করবেন। এই টার্মিনাল ভবনগুলি গড়ে তুলতে ব্যয় হয়েছে ২২০ কোটি টাকারও বেশি। সবকটি বিমানবন্দর মিলিত ভাবে বছরে ২ কোটি ৩০ লক্ষেরও বেশি যাত্রী ব্যবহারের উপযোগী করে গড়ে তোলা হবে। ক্রীড়া ক্ষেত্রে শীর্ষ মানের পরিকাঠামো গড়ে তোলার লক্ষ্যে যে দৃষ্টিভঙ্গী গ্রহণ করেছেন প্রধানমন্ত্রী তার সঙ্গে সাযুজ্য রেখে আগামীকাল ২১০ কোটি টাকা ব্যয়ে রূপায়িত বারাণসী স্পোর্টস কমপ্লেক্সের দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের উদ্বোধন করবেন তিনি। খেলো ইন্ডিয়া ও স্মার্ট সিটির আওতায় এই পুনরুন্নয়নের কাজ বাস্তবায়িত হয়েছে। এই প্রকল্পের লক্ষ্য হল অত্যাধুনিক মানের এক স্পোর্টস কমপ্লেক্স গড়ে তোলা যেখানে একটি জাতীয় উৎকর্ষ কেন্দ্র, খেলোয়াড়দের হস্টেল, ক্রীড়া বিজ্ঞান কেন্দ্র, অনুশীলনের মাঠ, ইন্ডোর শ্যুটিং রেঞ্জ ইত্যাদির ব্যবস্থা থাকবে। আগামীকাল লালপুরে ডঃ ভীমরাও আম্বেদকর স্পোর্টস স্টেডিয়ামের পুরুষ ও মহিলা খেলোয়াড়দের জন্য ১০০ শয্যা বিশিষ্ট দুটি হস্টেলেরও উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। এছাড়াও সেখানে নির্মিত একটি প্যাভিলিয়নেরও তাঁর উদ্বোধন করার কথা। সারনাথে বৌদ্ধ স্থানগুলির পর্যটন প্রসারের লক্ষ্যে নির্মিত কয়েকটি কর্মসূচিরও ঐ দিন উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীর আগামীকালের এই কর্মসূচিগুলি ছাড়াও বনাসুর মন্দির এবং গুরুধাম মন্দিরে পর্যটন সম্পর্কিত আরও কিছু প্রকল্পের উদ্বোধন হওয়ার কথা রয়েছে। এছাড়াও বিভিন্ন উদ্যানের সৌন্দর্যায়ন ও পুনরুন্নয়ন প্রকল্পে আগামীকাল উদ্বোধনের কর্মসূচি রয়েছে প্রধানমন্ত্রীর।

## হোসিয়ারি মজদুর ইউনিয়নের সম্মেলন, নূন্যতম মজুরি বৃদ্ধির দাবি

**সন্ন্যাসী কাউরী, কোলাঘাট : ২০ অক্টোবর : নিউজ সারাদিন :** সরকার নির্ধারিত নূন্যতম মজুরি কার্যকর করা, পি এফ ও ই এস আই চালু এবং হোসিয়ারী শ্রমিকদের রাজ্য সরকার ঘোষিত নূন্যতম মজুরী অনুসারে অবিলম্বে বকেয়া চার বছরের মজুরী বৃদ্ধি সহ বিভিন্ন দাবীতে সম্মেলন করল ওয়েস্ট বেঙ্গল হোসিয়ারি মজদুর ইউনিয়ন পূর্ব মেদিনীপুর জেলা শাখা।





হোসিয়ারি শ্রমিক আন্দোলনকে শক্তিশালী করতে রবিবার কোলাঘাটের বরদাবাড় প্রাইমারী স্কুলে প্রয়াত শ্যামল মন্ডল মঞ্চে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। শহীদ বেদীতে মাল্যদানের মধ্য দিয়ে শুরু হয় সম্মেলনের কাজ। সভাপতিত্ব করেন ইউনিয়নের জেলা কমিটির সভাপতি মধুসূদন বেরা। এদিনের সম্মেলনে উপস্থিত ছিলেন এ আই ইউ টি ইউ সির পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সম্পাদক অশোক দাস, রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য জ্ঞানানন্দ রায়, রাজ্য কমিটির সদস্য সমরেন্দ্র নাথ মাজী। এছাড়াও উপস্থিত ছিলেন ইউনিয়নের জেলা উপদেষ্টা নারায়ণ চন্দ্র নায়ক। এ আই ইউ টি ইউ সি অনুমোদিত ওয়েস্ট বেঙ্গল হোসিয়ারী মজদুর ইউনিয়নের এই সম্মেলনে জেলার বিভিন্ন প্রান্ত থেকে প্রায় শতাধিক হোসিয়ারী শ্রমিক যোগদান করেন। সম্পাদকীয় প্রতিবেদন পেশ করেন ইউনিয়নের জেলা সম্পাদক নেপাল বাগ। শোক প্রস্তাব পাঠ করেন ইউনিয়নের জেলা যুগ্ম সম্পাদক তপন কুমার আদক। আর জি করে নিহত অভয়া খুনের সাথে যুক্ত সকলের দৃষ্টান্তমূলক শাস্তি সহ ডাক্তারদের চলমান আন্দোলনের সমর্থনে একটি প্রস্তাব উত্থাপন করা হয়। সম্পাদকীয় প্রতিবেদন সহ আর জি কর আন্দোলন সম্পর্কে প্রস্তাব সম্মতিক্রমে গৃহীত হয়। সভা থেকে মধুসূদন বেরা কে সভাপতি, তপন কুমার আদক ও নব শাসমল কে যুগ্ম সম্পাদক করে ৩৩ জনের একটি শক্তিশালী জেলা কমিটি গঠিত হয়। ইউনিয়নের জেলা উপদেষ্টা নারায়ণ চন্দ্র নায়ক জানান, সরকার ঘোষিত মজুরী বৃদ্ধি অবিলম্বে কার্যকর করার দাবীতে কলকাতায় শ্রমমন্ত্রীর নিকট ডেপুটেশন সহ বিভিন্ন আন্দোলনের কর্মসূচি সম্মেলনে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে। হোসিয়ারি শ্রমিকদের দাবি পূরণ না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনে নামা ডাক দেন তিনি।

## জাতীয় মহিলা কমিশনের নতুন চেয়ারপার্সন শ্রীমতী বিজয়া কিশোর রাহাতকর

**নতুন দিল্লি, ১৯ অক্টোবর ২০২৪ : নিউজ সারাদিন :** জাতীয় মহিলা কমিশনের নতুন চেয়ারপার্সন নিযুক্ত হয়েছেন শ্রীমতী বিজয়া কিশোর রাহাতকর। তিনি কমিশনে নবম চেয়ারপার্সনের দায়িত্ব পালন করবেন। শ্রীমতী রাহাতকর বিভিন্ন রাজনৈতিক এবং সামাজিক দায়িত্ব পালনের সঙ্গে যুক্ত ছিলেন। এই ধরনের কাজে তাঁর নেতৃত্বদানেরও নজির রয়েছে। মহারাষ্ট্রের রাজ্য মহিলা কমিশনে ২০১৬ থেকে ২০২১ সাল পর্যন্ত তিনি চেয়ারপার্সনের দায়িত্ব পালন করে এসেছেন। 'সক্ষমা', 'প্রজ্জ্বলা' এবং 'সুহিতা' কর্মসূচির সঙ্গে তিনি ওতপ্রোত ভাবে জড়িত ছিলেন। পক্সো, তিন তালাক বিরোধী সেল এবং মানব পাচার বিরোধী বিভিন্ন কাজেও তিনি নেতৃত্ব দিয়ে এসেছেন। মহিলাদের জন্য ডিজিটাল সাক্ষরতা কর্মসূচির তিনি সূচনা করেছিলেন এবং 'সাদ' নামে একটি প্রকাশনাও চালু করেন। ২০০৭ থেকে ২০১০ সাল পর্যন্ত শ্রীমতী রাহাতকর ছত্রপতি অম্বাজি নগরের মেয়রের দায়িত্ব পালন করেছিলেন। স্বাস্থ্য ও পরিকাঠামো সম্পর্কিত কয়েকটি উন্নয়ন প্রকল্পের রূপায়নে তাঁর ভূমিকা ছিল উল্লেখ করার মতো। পদার্থবিদ্যায় স্নাতক এবং ইতিহাসে স্নাতকোত্তর ডিগ্রিধারী শ্রীমতী রাহাতকর বেশ কয়েকটি গ্রন্থেরও রচয়িতা। এর মধ্যে মহিলাদের আইনি সুরাহা সম্পর্কিত 'বিধিলিখিত' এবং 'ঔরঙ্গাবাদ : লিডিং টু ওয়াইড রোডস' উল্লেখযোগ্য। নারী ক্ষমতায়নে তাঁর অবদানের স্বীকৃতি স্বরূপ তিনি পুরস্কৃতও হয়েছেন। এর মধ্যে জাতীয় বিধি পুরস্কার এবং সাবিত্রী বাঈ ফুলে পুরস্কার উল্লেখ। এর আগে ডঃ অর্চনা মজুমদার জাতীয় মহিলা কমিশনের সদস্য রূপে কাজ করে গেছেন।

# সিনেমার খবর

## আলিয়াকে নিয়ে বিতর্কিত মন্তব্য, অ্যানিমেল করবেন রণবীর?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বক্স অফিসে একের পর এক রেকর্ড গড়ে চলতি বছরের শুরুতেই বলিউডে ঝড় তুলেছিল রণবীর কাপুরের 'অ্যানিম্যাল'। প্রথম কিস্তির সফলতায় তৈরি হচ্ছে এই সিনেমার দ্বিতীয় কিস্তি। তবে 'অ্যানিম্যাল পার্ক' নামে ওই সিনেমার শুটিং শুরুর আগেই নতুন করে অনিশ্চয়তার সৃষ্টি হয়েছে। যেখানে দ্বন্দ্ব তৈরি হয়েছে রণবীর কাপুরের স্ত্রী আলিয়া ভাট ও অভিনেত্রী, টি সিরিজের মালকিন দিব্যা খোসলা কুমারের মাঝে।

সম্প্রতি ভারতীয় প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে আলিয়া ভাটের নতুন ছবি 'জিগরা'। যেই ছবির বক্স অফিস কারচুপির অভিযোগ এনেছেন দিব্যা। তার দাবি, আলিয়া 'ভুয়া কালেকশন' দেখানোর জন্য নিজেই টিকিট কিনেছেন!

আর আলিয়ার বিরুদ্ধে দিব্যার এমন অভিযোগ তুলতেই গুঞ্জন উঠেছে দিব্যার প্রযোজক স্বামী ভূষণ কুমারের 'অ্যানিম্যাল পার্ক' থেকে নাকি বেরিয়ে আসতে পারেন রণবীর কাপুর।

'জিগরা' ছবির যৌথ প্রযোজক করণ জোহর এবং আলিয়া। তাদের দাবি, ছবিটি নাকি হলভর্তি দর্শক পাচ্ছে। নিমেষে টিকিট বিক্রি হয়ে যাচ্ছে। এরপরেই সামাজিক মাধ্যমে দর্শকশূন্য প্রেক্ষাগৃহের ছবি ভাগ করে নেন দিব্যা। ক্যাপশনে লেখেন, "নতুন ছবি 'জিগরা' দেখতে মাল্টিপ্লেক্স গিয়েছিলাম। প্রেক্ষাগৃহ ফাঁকা। বাকি প্রেক্ষাগৃহও ফাঁকা থাকছে। আলিয়া ভাটের সত্যিই সাহস আছে। নিজেই সব টিকিট কেটে নকল বক্স অফিস সংগ্রহ ঘোষণা করে দিলেন!"

এদিকে ছবির মুখ্য অভিনেত্রী আলিয়া ভাট এখনও দিব্যা মন্তব্যের কোনো জবাব দেননি। তবে উত্তর দিয়েছেন করণ জোহর। পারস্পরিক কাদা ছোড়াছুড়িতে পরিবেশ এতটাই উত্তপ্ত যে এরপরেই গুঞ্জন উড়ছে যে, স্ত্রীর সম্মান রাখতেই রণবীর ভূষণ কুমারের ছবি থেকে বেরিয়ে আসতে পারেন।

## আরো সন্তান চান আলিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী আলিয়া ভাট। প্রায় ১ যুগের অভিনয় ক্যারিয়ারে অসংখ্য দর্শকপ্রিয় সিনেমা উপহার দিয়েছেন। নিজেকে ভেঙে বার বার প্রমাণ করেছেন। কাজের স্বীকৃতিস্বরূপ পেয়েছেন জাতীয় চলচ্চিত্র পুরস্কারও।

ব্যক্তিগত জীবনেও সংসারী হয়েছেন আলিয়া ভাট। এরই মধ্যে সন্তানের মা হয়েছেন তিনি। কন্যা-স্বামী-সংসারের পাশাপাশি অভিনয়েও সরব এই অভিনেত্রী। আইএমডিবির 'আইকনস অনলি'-কে দেওয়া সাক্ষাৎকারে ব্যক্তিগত ও পেশাগত জীবন নিয়ে কথা বলেছেন আলিয়া।

এ আলাপচারিতায় ভবিষ্যৎ পরিকল্পনা জানতে চাইলে আলিয়া ভাট বলেন, 'আরো সিনেমা করতে চাই। সেটা কেবল অভিনেত্রী হিসেবে নয়, প্রযোজক হিসেবেও। আরো বাচ্চা চাই, আরো ভ্রমণ করতে চাই, সুস্থ, সুখী, খুব সাধারণ, শান্তিপূর্ণ, পূর্ণ প্রকৃতির জীবন চাই।'

বিশেষ কোনো মাইলফলক স্পর্শ করতে চান কিনা? এ প্রশ্নের জবাবে আলিয়া ভাট বলেন, 'মাইলস্টোন বিষয়টি এমন, যে বিষয়ে আপনার সচেতন হওয়া উচিত নয়। এটি জীবনের অংশ হিসেবে আসবে। সুতরাং আপনি এটিকে পাশে রেখে সামনে এগিয়ে যান। এর সঙ্গে খুব বেশি যুক্ত হবেন না, এখান থেকে বেশি কিছু আশাও করবেন না। বরং আপনি আপনার কাজগুলো করতে থাকুন।'

২০১৮ সালে রণবীর কাপুরের সঙ্গে প্রেমের সম্পর্কে জড়ান আলিয়া। তারপর দীর্ঘ দিন চুটিয়ে প্রেম করেন এই যুগল। তাদের প্রেম-বিয়ে নিয়ে জলঘোলা কম হয়নি। সব জল্পনার অবসান ঘটিয়ে ২০২২ সালের ১৪ এপ্রিল মুম্বাইয়ের পালি হিলসের রণবীরের 'বাস্তু' বাড়িতে বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করেন তারা। একই বছরের ৬ নভেম্বর কন্যা সন্তানের জন্ম দেন আলিয়া।

প্রসঙ্গত, আলিয়া অভিনীত সর্বশেষ মুক্তিপ্রাপ্ত সিনেমা 'জিগরা'। অ্যাকশন ঘরানার এ সিনেমা পরিচালনা করেছেন ভাষণ বালা। গত ১১ অক্টোবর ভারতের ২ হাজার পর্দায় মুক্তি পায় এটি। কিন্তু বক্স অফিসে মুখ থুবড়ে পড়েছে সিনেমাটি।

## সন্তান সামলাতে গিয়ে 'হিমশিম' খাচ্ছেন দীপিকা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নতুন মা হওয়া বলিউডের তারকা অভিনেত্রী দীপিকা পাড়ুকোন বলেছেন মেয়ের জন্য যখন তাকে রাত জাগতে হয়, তখন কোনো কোনো সময়ে সিদ্ধান্ত নিতে সমস্যায় পড়ে যান তিনি। এর কারণ হল 'ঘুম কম হওয়ার ক্লান্তি'।

গেল সপ্তাহে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উপলক্ষে 'লাইভ লাভ লাফ ফাউন্ডেশন'র অনুষ্ঠানে নতুন মা হওয়ার পর কী ধরনের সমস্যার মধ্য দিয়ে তাকে যেতে হচ্ছে সে সব বলেছেন দীপিকা।



মানসিক চাপ এবং ঘুম না হওয়ার কারণে কী কী ঘটছে সেসব নিয়েও কথা বলেন নায়িকা।

অভিনেত্রী বলেন, "যখন ঠিকমত ঘুম হয় না, অতিরিক্ত স্ট্রেস থাকে তখন আমার সিদ্ধান্ত নিতে সমস্যা হয়, আবার ভুলভাল সিদ্ধান্তও নিয়ে ফেলি।" চলতি বছর ৮ সেপ্টেম্বর কন্যা সন্তানের মা-বাবা হয়েছেন দীপিকা ও রাণবীর সিং। দীপিকা তার এই সময়ের দুঃখ, কষ্ট, রাগ নিয়েও কথা বলেন।

তিনি জানান, "এটা একদম স্বাভাবিক। মানুষমাত্রই তার রাগ, কষ্ট হবে। আর এই অনুভূতিগুলো আমাদের অনেক কিছুই শেখায়। কিন্তু এগুলো থেকে আমি কী শিখছি, পজেটিভলি কীভাবে তাতে রিঅ্যাক্ট করছি সেটাই আসল। কাজের মধ্যে থাকতে হবে। ধৈর্য ধরতে হবে।"

সন্তান জন্মের পর দীপিকা জানিয়েছিলেন, তিনি তার মেয়ের যত্ন ন্যানির হাতে ছাড়তে চাইছেন না। তার এবং রাণবীরের সিদ্ধান্ত হল তারা নিজে হাতে মেয়েকে বড় করবেন। এ কাজে বড়জোর তাদের দুই পরিবারের সদস্যরা সঙ্গে থাকতে পারেন।

এছাড়া এখনই মেয়ের ছবি প্রকাশ করতে রাজি নয় দীপিকা ও রাণবীর। তারা চাইছেন প্রচারের আলো থেকে সন্তানকে দূরে রাখতে। এমনকি সন্তানের বয়স এক মাসের বেশি হলেও তার নাম প্রকাশ করেননি তারকা দম্পতি।

## চোখের পাঁপড়ি হারালেন হিনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** স্তন ক্যান্সারে আক্রান্ত বলিউড অভিনেত্রী হিনা খান। ক্যান্সারের তৃতীয় ধাপ চলছে ৩৬ বছরের এই অভিনেত্রীর। মারণ ব্যাধি শরীরে বাসা বাঁধলেও মানসিক শক্তি এতটুকু টলাতে পারেনি। কিন্তু এরই মাঝে নতুন উপসর্গ হিনার। কেমোথেরাপির কারণে চোখের পাঁপড়ি হারালেন অভিনেত্রী। আর সেই ছবিই পোস্ট করে হিনা লিখেছেন তার লড়াই ও জেদের কথা। হিনা তার ইনস্টাগ্রামে দুটি ছবি পোস্ট করেছেন।

যেখানে দেখা গিয়েছে, অভিনেত্রীর চোখে মাত্র একটা পাঁপড়ি অবশিষ্ট। আর সেই ছবি পোস্ট করেই হিনা লিখেছেন, 'আমার শক্তির একটি উৎস রয়েছে, জানেন কি সেটা? আমার চোখকে সুন্দর করে ঘিরে রেখেছিল ওরা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত একগুচ্ছ লম্বা ও সুন্দর চোখের পাঁপড়ি। বর্তমানে এই একটি পাঁপড়িই একা হয়ে দাঁড়িয়ে রয়েছে। শক্তিশালী যোদ্ধার মতো একা লড়াই করে চলেছে আমার সঙ্গে থেকে। এটাই আমার অনুপ্রেরণা।'

শুটিংয়ের সময় প্রসাধনী হিসেবে অভিনেত্রীরা নকল অক্ষিপল্লব চোখে ব্যবহার করেন। হিনা জানান, তিনি কোনো দিনই প্রসাধনী হিসেবে নকল চোখের পাতা ব্যবহার করেননি। কিন্তু বর্তমানে তিনিও ব্যবহার করছেন চোখের পাতা। অভিনেত্রীর আশা, একদিন সব ঠিক হয়ে যাবে। হিন্দি টেলিভিশনের জনপ্রিয় অভিনেত্রী হিনা। পরে সিনেমা, ওয়েব সিরিজেও কাজ করেন।

## বিগ বসের মঞ্চে গাধা, নতুন বিতর্কে সালমান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কৃষ্ণসার হরিণ হত্যার ঘটনার জেরে বহুল আলোচিত লিউডের সালমান খান নতুন করে এবার জড়িয়েছেন গাধা বিতর্কে। ভারতীয় সংবাদমাধ্যম আনন্দবাজার লিখেছে, কয়েকদিন আগে শুরু হয়েছে সালমানের সঞ্চালনায় রিয়েলিটি শো 'বিগ বস'। এই অনুষ্ঠানের এবারের সিজনের প্রথম পর্বে 'বিগ বস'র ঘরে একটি গাধা নিয়ে আসা হয়।

এরপর ওই গাধাকে বিগ বসের ঘরের ১৯তম সদস্য হিসেবে পরিচয় করিয়ে দেওয়া হয় এবং গাধাটির থাকার জন্য একটি জায়গা বরাদ্দ দেওয়া হয়। এমনকি শোয়ে অংশ নেওয়া কয়েকজন সদস্যকে গাধাটির সঙ্গে কথা বলতেও দেখা যায়। তবে বিষয়টি নিয়ে আপত্তি জানায় পেটা (পিপল ফর দ্য এথিকাল ট্রিটমেন্ট অব অ্যানিম্যালস) ইন্ডিয়া।

প্রাণি অধিকার সংরক্ষণকারী এই সংস্থার পক্ষ থেকে সালমনকে বিষয়টি নিয়ে একটি চিঠি পাঠানো হয়। চিঠিতে 'বিগ বস ১৮'র নিন্দা জানিয়ে অবিলম্বে গাধা ছেড়ে দেওয়ার জন্য সালমানের কাছে অনুরোধ জানানো হয়। স্বেচ্ছাসেবী সংস্থাটির অভিযোগ হল, মনোরঞ্জনের জন্য গাধার মত অবলা জীবকে ব্যবহার করা ঠিক নয়। পরে অবশ্য পেটা সোশাল মিডিয়ায় গাধাটিকে ছেড়ে দেওয়াও খবর জানিয়েছে।

এদিকে মহারাষ্ট্রের সাবেক মন্ত্রী বাবা সিদ্দিকী হত্যাকাণ্ডের ঘটনায় নেতার ঘনিষ্ঠজন বলিউডি নায়ক সালমান খান নিরাপত্তা 'আতঙ্কে ভুগছেন' বলে খবর পাওয়া গেছে। 'বিগ বস'র শুটিংয়ের কাজও সাময়িকভাবে বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছেন নায়ক।

কারণ বাবা সিদ্দিকী হত্যাকাণ্ডের ঘটনায় গ্রেপ্তার দুজন নিজেদেরকে যে সন্ত্রাসী গ্যাংয়ের সদস্য বলে দাবি করছে, সেই লরেন্স বিষ্ণোই দলের নিশানায় সালমান রয়েছেন। বিষ্ণোই সালমানকে বছরের পর বছর ধরে কেবল লাগাতার খুনের হুমকি দিয়েই চুপ থাকেনি, নায়কের বাড়ির সামনেও কয়েক মাস আগে গুলি ছুড়ে পালিয়েছে তার দলের লোকেরা।

# ম্যানচেস্টার ইউনাইটেডের সঙ্গে সম্পর্ক ছিন্ন হচ্ছে ফার্গুসনের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** স্যার আলেক্স ফার্গুসন যেন গত তিন দশকে ম্যানচেস্টার ইউনাইটেডেরই সমার্থক হয়ে উঠেছিল।ওল্ড ট্র্যাফোর্ডে দীর্ঘ ২৬ বছর (১৯৮৬-২০১৩) কোচিং করানোর পর থেকে ক্লাবটির বৈশ্বিক শুভেচ্ছাদূত হিসেবে নিযুক্ত ছিলেন ৮২ বছর বয়সী এই ফুটবলবোদ্ধা। তবে সেই পথচলা থামতে যাচেছ। ম্যানচেস্টার ইউনাইটেডের সঙ্গে অবশেষে সম্পর্কচ্ছেদ হতে চলেছে ক্লাবটির ইতিহাসের সেরা ম্যানেজার স্যার অ্যালেক্স ফার্গুসনের। খরচ কমানোর অংশ হিসেবে তাকে সরিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন ক্লাবটির মালিকদের অন্যতম অংশীদার স্যার জিম র‍্যাটক্লিফ।

শুভেচছাদূত হিসেবে ইউনাইটেড থেকে প্রতি বছর ২৬ লাখ (২.৬ মিলিয়ন) পাউন্ড করে পারিশ্রমিক নিতেন স্যার ফার্গুসন। পাশাপাশি ক্লাবের পরিচালকের পদেও ছিলেন এই কিংবদন্তি কোচ।

তবে চলতি বছরের ফেব্রুয়ারি মাসে স্যার র‍্যাটক্লিফ ইউনাইটেডের শেয়ার কেনার পর থেকে ক্লাবের খরচ কমানোর দিকে মনোযোগ দিয়েছেন। এই পরিকল্পনা বাস্তবায়নে ক্লাবের আড়াইশ জনের বেশি কর্মী ছাঁটাই করা হয়েছে। এরই ধারাবাহিকতায় এবার স্যার ফার্গুসনের সঙ্গেও সম্পর্ক ছিন্ন হতে যাচ্ছে বলে জানানো হয়েছে।

অবশ্য স্যার জিম র‍্যাটক্লিফের সঙ্গে স্যার ফার্গুসনের সরাসরি আলোচনার পরই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানা গেছে।

খেলোয়াড়দের উন্নয়নে আরও বেশি বিনিয়োগ করতেই এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে ক্লাবের একটি সূত্র।

গত মাসে ইউনাইটেডের পক্ষ থেকে জানানো হয়েছিল, তারা ১১৩ মিলিয়ন পাউন্ড লোকসানে আছে, যা প্রিমিয়ার লিগের তিন বছরের লোকসান সীমার (১১৫ মিলিয়ন পাউন্ড) খুব কাছাকাছি। এ বিষয়ে ক্লাবের পক্ষ থেকে বলা হয়েছে, নিয়ম মানতে তারা প্রতিশ্রুতিবদ্ধ।

২০১৩ সালে স্যার ফার্গুসন দায়িত্ব ছাড়ার পর থেকে ঘরোয়া লিগ ও ইউরোপীয় প্রতিযোগিতায় খুব বেশি ভালো করতে পারছে না ম্যানটচেস্টার ইউনাইটেড। স্যার ফার্গুসনই তাদের সর্বশেষ প্রিমিয়ার লিগ শিরোপা জেতান। অন্যদিকে, এই সময়ে পেপ গার্দিওলার অধীনে দুহাত ভরে সাফল্য কুড়িয়ে চলেছে নগর প্রতিদ্বন্দ্বী ম্যানচেস্টার সিটি।

ফার্গুসন-পরবর্তী দশ বছরে একবারও প্রিমিয়ার লিগ চ্যাম্পিয়ন হতে পারেনি ইউনাইটেড, অন্যদিকে এই সময়ে ৬ বার প্রিমিয়ার লিগ জিতে ইংলিশ ফুটবলে একক আধিপত্য বিস্তার করেছে গার্দিওলার দল।

গত দশ বছরে ইউনাইটেডের শিরোপা জয় বলতে গেলে একটি করে এফএ কাপ ও লিগ কাপ এবং তিনটি কমিউনিটি শিল্ড। এই সময়ে তাদের সর্বোচ্চ প্রাপ্তি ছিল ২০১৬-১৭ মৌসুমের ইউরোপা লিগ জয়।

# পেরুকে গুঁড়িয়ে
# ব্রাজিলের দুর্দান্ত জয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২০২৬ বিশ্বকাপের দক্ষিণ আমেরিকা অঞ্চলের বাছাইপর্বে টানা দ্বিতীয় জয়ের খোঁজে পেরুর মুখোমুখি হয়েছিল ব্রাজিল। আগের ম্যাচে জয় পাওয়া সেলেসাওরা এই ম্যাচকে নিয়েও ছিল আত্মবিশ্বাসী। দেখা মিলল অবিশ্বাস্য এক জয়েরও। পেরুকে ৪-০ গোলে হারিয়ে নিজেদের হারানো ছন্দে ফিরল পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নরা।

১৬ অক্টোবর ব্রাসিলিয়ার মানে গারিঞ্চা স্টেডিয়ামে বাংলাদেশ সময় সকাল পৌনে ৭টায় মাঠে গড়ায় ম্যাচটি। ৪-০ গোলের এই ম্যাচে পেনাল্টি থেকে জোড়া গোল পেয়েছেন রাফিনিয়া। অন্য দুই গোল এসেছে আন্দ্রেয়াস পেরেইরা এবং লুইজ হেনরিকের পা থেকে।

এরই মধ্যে ব্রাজিলিয়ান ফুটবলে নতুন একটা প্রজন্মের বেড়ে ওঠার প্রক্রিয়াও শুরু হয়েছে। পেরুর বিপক্ষে আজ যেমন খেলা উপহার দিয়েছে ব্রাজিল, তাতে নিশ্চিতভাবেই সন্তুষ্টি খুঁজে পাবেন দলটির সমর্থকরা।

## ভারতের বিপক্ষে টেস্ট সিরিজে
## আগের 'ঠিকানায়' ফিরছেন স্মিথ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিউজিল্যান্ডের বিপক্ষে টেস্ট সিরিজে ওপেনিংয়ে ব্যর্থতার পর থেকেই স্টিভেন স্মিথের ব্যাটিং অর্ডার নিয়ে চলছিল আলোচনা। নতুন মৌসুম শুরুর আগে অস্ট্রেলিয়ার প্রধান নির্বাচক জর্জ বেইলি নিশ্চিত করে দিলেন, ভারতের বিপক্ষে টেস্ট সিরিজ দিয়ে আবারও মিডল অর্ডারে ফিরবেন অভিজ্ঞ এই ব্যাটসম্যান। ক্যামেরন গ্রিন চোটে পড়ার আগে স্মিথ নিজেই মিডল অর্ডারে ফেরার অনুরোধ করেছিলেন বলে জানালেন তিনি। গত অস্ট্রেলিয়ান গ্রীষ্মে ডেভিড ওয়ার্নার টেস্ট থেকে অবসরের ঘোষণা দেওয়ার পর ওপেনার হিসেবে নিজের নাম তুলে ধরেন স্মিথ। আগে বেশিরভাগ সময় তিনি ব্যাটিং করতেন চার নম্বরে। ঘরোয়া ক্রিকেটের পরীক্ষিত ওপেনারদের রেখে স্মিথকে বেছে নেওয়ায় অস্ট্রেলিয়ান ক্রিকেটে তখন আলোচনা-সমালোচনা হয় প্রবল।

নতুন ভূমিকায় গত জানুয়ারিতে প্রথম তিন ইনিংসে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে স্মিথ করেন ১২, অপরাজিত ১১ ও ৬। ক্যারিবিয়ানদের বিপক্ষে পরের ইনিংসে অপরাজিত ৯১ রানের ইনিংস খেলে কিছুটা আশা জাগিয়ে তুললেও, ফেব্রুয়ারি-মার্চে নিউজিল্যান্ড সফরে চার ইনিংসে তিনি করেন ৩১, শূন্য, ১১ ও ৯। সব মিলিয়ে ওপেনিংয়ে আট ইনিংসে তিনি মাত্র ১৭১ রান করতে পারেন ২৮.৫০ গড়ে। স্মিথকে ওপেনিংয়ে তুলে আনার পর গ্রিনকে খেলানো হয় চার নম্বরে। গত মাসে ইংল্যান্ডের বিপক্ষে ওয়ানডেতে পিঠে চোট পাওয়া এই অলরাউন্ডার অস্ত্রোপচারের সিদ্ধান্ত নিয়েছেন। মেরুদণ্ডের নিচের অংশের এই অস্ত্রোপচারের কারণে অন্তত ৬ মাস মাঠের বাইরে থাকতে হবে তাকে। পাকিস্তানের বিপক্ষে ওয়ানডে সিরিজের দল ও ভারত 'এ' দলের বিপক্ষে অস্ট্রেলিয়া 'এ' দল ঘোষণার পর বেইলি সংবাদমাধ্যমকে বলেন, অধিনায়ক প্যাট কামিন্স ও কোচ অ্যান্ড্রু ম্যাকডোনাল্ডের সঙ্গে আলোচনার পর মিডল অর্ডারে ফেরার অনুরোধ করেন স্মিথ।

# ভারতকে হারিয়ে ৩৬ বছরের আক্ষেপ ঘুচলো নিউজিল্যান্ডের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ১০৭ রানের লক্ষ্য পাড়ি দেওয়া খুব একটা কঠিন নয়। তবে শেষ দিনের প্রথম ঘণ্টায় কিউইদের জন্য আতঙ্কের নাম ছিলেন জাসপ্রিত বুমরাহ। মেঘলা কন্ডিশনে দারুণ বোলিং উপহার দেন তিনি। কিন্তু সময় গড়ানোর সঙ্গে সঙ্গে জয়ের কাজটাও সহজ হতে থাকে নিউজিল্যান্ডের। বেঙ্গালুরুতে তিন ম্যাচ সিরিজের প্রথম টেস্টে ভারতকে ৮ উইকেটে হারিয়েছে নিউজিল্যান্ড।

এর আগে ১৯৮৮ সালের নভেম্বরে ওয়াংখেড়েতে ১৩৬ রানের জয় পেয়েছিল তারা। দীর্ঘ ৩৬ বছর পর ভারতের মাটিতে কোনো টেস্ট ম্যাচ জিতেছে নিউজিল্যান্ড। ভারতকে ৪৬ রানে অলআউট করার ম্যাচের ৫ম ও শেষ দিনে কিউইরা বাগিয়ে নিয়েছে ৮ উইকেটের জয়। প্রথম ইনিংসে ৪৬ রানে অলআউট হওয়া ভারত দ্বিতীয় ইনিংসে ঘুরে দাঁড়ালেও ম্যাচ বাঁচাতে পারেনি। বাংলাদেশকে হেসেখেলে সিরিজ হারানো রোহিত শর্মার দলের জন্য এটি বড় এক ধাক্কাই বটে। গৌতম গম্ভীর কোচ হওয়ার পর এবারই প্রথম কোনো টেস্ট হারল টেস্ট চ্যাম্পিয়নশিপের দুইবারের ফাইনালিস্টরা।

বেঙ্গালুরুতে ভারত-নিউজিল্যান্ড প্রথম টেস্টের প্রথম দিন ভেসে যায় বৃষ্টিতে। দ্বিতীয় দিন ৪৬ রানে গুটিয়ে যায় ভারত। পাঁচ ব্যাটারই খুলতে পারেননি রানের খাতা। ম্যাট হেনরি পাঁচটি ও উইলিয়াম ও'রুর্ক চারটি উইকেট শিকার করে ধস নামান ভারতের ব্যাটিং অর্ডারে। জবাবে রাচিন রবীন্দ্রের সেঞ্চুরি, ডেভন কনওয়ের ৯১ ও টিম সাউদির ৬৫ রানে ভর করে ৪০২ রান জড়ো করলে ৩৫৬ রানের বিশাল লিড পায় নিউজিল্যান্ড। ৩৫৬ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে ভারত জড়ো করে ৪৬২ রান। সরফরাজ খান হাঁকান দেড়শ রানের ইনিংস, রিশভ পান্ট আউট হন ঠিক ৯৯ রানে- আরও একবার নার্ভাস নাইন্টিসের শিকার হয়ে। এছাড়া বিরাট কোহলি ৭০ ও অধিনায়ক রোহিত ৫২ রান করেন। প্রথম ইনিংসের বিপর্যয়ের কারণে কিউইদের মাত্র ১০৭ রানের লক্ষ্য ছুঁড়ে দেয় ভারত।

ম্যাচের শেষ দিন আর ধারাল স্পিন আক্রমণের কারণে এই পুঁজি নিয়েও অবশ্য জয়ের স্বপ্ন দেখছিল ভারত। তবে উইল ইয়াংকে নিয়ে রাচিন আবারো বাধা হয়ে দাঁড়ান। অধিনায়ক টম ল্যাথাম শূন্য রানে ও আরেক ওপেনার ডেভন কনওয়ে ১৭ রান করে বিদায় নিলে ইয়াং-রাচিনের ব্যাটে ভর করে দিনের আস্ত দুটি একটি অংশ হাতে রেখেই ৮ উইকেটের জয় নিশ্চিত করে নিউজিল্যান্ড।

# নির্লিপ্ত ইস্টবেঙ্গলে বদল চাইছেন
# নতুন কোচ অস্কার ব্রুজো



**কলকাতা: নিউজ সারাদিন :** এ কোন ইস্টবেঙ্গল, যা আইএসএলের প্রথম দুই বছরের চেয়েও আরও দুর্বিসহ! মরসুমে টানা সাত ম্যাচে হার ক্লেটনদের। আইএসএলে টানা পাঁচ ম্যাচে হার। দলের দুঃসময়ে হাল ছেড়েছেন কার্লেস কুয়াদ্রাত। ডার্বি হেরে আরও বিপর্যস্ত লাল-হলুদ ব্রিগেড। মঙ্গলবার ওড়িশার বিরুদ্ধে অ্যাওয়ে ম্যাচ। ডার্বি হারের পরদিন সোমবার থেকেই নয়া কোচ অস্কার ব্রুজোর অধীনে অনুশীলন শুরু হিজাজি, দিমিত্রিয়সদের। সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত টানা তিন ঘণ্টার অনুশীলন। প্রথম দিনেই ফুটবলারদের কড়া দাওয়াই দিলেন নয়া স্প্যানিশ কোচ।

রবিবার ডার্বি হেরে ফুটবলারদের মানসিকতা আর ফিটনেস লেভেল নিয়ে প্রশ্ন তুলেছিলেন ইস্টবেঙ্গলের নতুন হেড কোচ। এই দলের প্রচুর মেরামত যে প্রয়োজন তা প্রথমদিনেই বুঝে গিয়েছেন। তাই সবার আগে ফুটবলারদের ফিটনেস লেভেল বাড়াতেই বিশেষ জোর দিলেন ইস্টবেঙ্গলের নতুন কোচ। নয়া ফিটনেস কোচ জেভিয়ার স্যাঞ্চেজের অধীনে কড়া অনুশীলন করলেন দিমিত্রিয়স ডায়ামান্টাকোসরা।

অনুশীলন শেষের পরই ম্যানেজমেন্টের সঙ্গে আলোচনায় বসেন অস্কার ব্রুজো। ফুটবলারদের ফিটনেস লেভেল নিয়ে মোটেও সন্তুষ্ট নন তিনি। এমনকি মানসিক ভাবে ফুটবলারদের তাতাতেও বিশেষ ওষুধ খুঁজছেন লাল-হলুদের নতুন হেডস্যার। সূত্রের খবর, ক্লেটন সিলভা, সাউল ক্রেসপো, হেক্টর ইউস্তেদের পারফরম্যান্স দেখে মোটেই খুশি নন অস্কার। চাইছেন দলে দ্রুত কিছু বদল আনতে। সূত্রের খবর, দেশীয় ফুটবলারদের বেশ কয়েকজনকেও একেবারে না পসন্দ অস্কারের। আপাতত কিছু করার নেই। হাতে থাকা খিচুড়ির মশলা দিয়েই বিরিয়ানি রাঁধার চ্যালেঞ্জ তাঁর কাছে।

# মাইলফলক ম্যাচে গোলহীন রোনালদো,
# পয়েন্ট হারাল পর্তুগাল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৩৯ বছর বয়সী ক্রিস্টিয়ানো রোনালদো শুধু গোলই করছিলেন না,দলকে এনে দিচ্ছিলেন গুরুত্বপূর্ণ সব জয়। তাই পর্তুগালের হয় ২০০ তম ম্যাচ এই মহাতারকা দারুণ কিছুই উপহার দেবেন বলে ভক্তদের প্রত্যাশা ছিল, তবে সেটি হয়নি।

নেশন্স গত মাসে স্কটল্যান্ডকে ২-১ গোলে হারিয়েছিল পর্তুগিজরা। সেদিনের রোমাঞ্চকর লড়াইয়ে শুরুতে পিছিয়ে পড়ার পর ঘুরে দাঁড়িয়েছিল তারা; শেষ দিকে জয়সূচক গোলটি করেছিলেন রোনালদো।

গ্রুপ পর্বে দুই দলের দ্বিতীয় দেখা ছিল মঙ্গলবার। এদিন উড়ন্ত ছন্দে থাকার রোনালদো গোল পেলেন না।আর তাতে জয়ের ধারা অব্যাহত রাখতে পারেনি পর্তুগালও।

গ্লাসগোর হ্যাম্পডেন পার্কে মঙ্গলবার রাতে নেশন্স লিগের ম্যাচটি শেষ হয়েছে গোলশূন্য সমতায়।

জাতীয় দলের হয়ে টানা তিন ম্যাচে জালের দেখা পাওয়া এদিনও পেতে পারতেন গোল।বেশ কয়েকটি কোন সুযোগ পেলেও এ যাত্রায় কাজে লাগাতে পারেনি পর্তুগিজ মহাতারকা। অবশ্য এই ড্রয়ে কোয়ার্টার-ফাইনালে ওঠার দোরগোড়ায় পৌঁছে গেছে প্রথম আসরের চ্যাম্পিয়নরা। চার ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে 'এ' লিগের এক নম্বর গ্রুপের শীর্ষে আছে তারা।

দিনের আরেক ম্যাচে, পোল্যান্ডের সঙ্গে ক্রোয়েশিয়ার রোমাঞ্চকর লড়াই ৩-৩ ড্র হয়েছে। ৭ পয়েন্ট নিয়ে দুইয়ে আছে ক্রোয়াটরা, তাদের চেয়ে ৩ পয়েন্ট কম নিয়ে তিনে পোল্যান্ড। তলানিতে স্কটল্যান্ডের পয়েন্ট ১।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR